

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
Web: www.mohfw.gov.bd
(পার-১ শাখা)

নং-৪৫.১৪২.০১৯.০০.০০.০১৪.২০১৫- ৪৯৯

তারিখ: ১৮-০৫-২০১৬ ইং

বিষয়ঃ পদোন্নতিপ্রাপ্ত সহকারী অধ্যাপকগণের যোগদানের তথ্য জরুরীভিত্তিতে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৯-০৫-২০১৬ তারিখে বিভিন্ন স্মারকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির মাধ্যমে বিভিন্ন মেডিকেল কলেজে কর্মকর্তা পদায়ন করা হয়। পদায়ন আদেশে কর্মকর্তাদের যোগদানের বিষয়টি জরুরীভিত্তিতে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলেও অদ্যাবধি কর্মকর্তাদের যোগদানের তথ্য পাওয়া যায়নি।

এমতাবস্থায়, আগামী ১৯-০৫-২০১৬ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে (০২-৯৫৫৯২১৬) নং ফ্যাক্স যোগে পদায়নকৃত কর্মকর্তাদের তথ্য মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।



(মইনউদ্দিন আহমদ)

উপসচিব

পার-১ অধিশাখা

ই-মেইলঃ dsper1@mohfw.gov.bd

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অধ্যক্ষ / পরিচালক,
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ✓ ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করার জন্য অনুরোধ জানান হলো।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।